বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board
ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোনঃ +৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.৩৩.০০১.২০.২৪৯

তারিখঃ ০৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাঃ ।
২৫ অক্টোবর, ২০২০ খ্রিঃ ।

:বিজ্ঞপ্তি :

বিষয় ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বৈদ্যুতিক লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠান ও উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২০-২১ অর্থ বছরের জন্য পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতা নবায়ন প্রসঙ্গে ।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বৈদ্যুতিক লাইন নির্মাণ ও উপকেন্দ্র নির্মাণ কাজের জন্য পূর্বযোগ্যতা প্রাপ্ত/সাময়িক পূর্বযোগ্যতা প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২০-২১ খ্রিঃ অর্থ বছরের পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতা নবায়নের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে । আবেদনের জন্য নির্ধারিত ফরম সংগ্রহ ও দাখিলের সময়সূচী এবং অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো ঃ

(ক) **আবেদন ফরম সংগ্রহঃ**

(১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় হতে ও নির্বাহী প্রকৌশলীর কার্যালয় হতে হার্ডকপি এবং বাপবিবোর্ডের ওয়েব সাইট (www.reb.gov.bd) হতে ১৬/১১/২০২০ খ্রিঃ পর্যন্ত ডাউনলোডের মাধ্যমে নির্ধারিত নবায়ন ফরম সংগ্রহ করা যাবে । এছাড়া, ফরমটি অত্রসাথ সংযুক্ত করা হলো । ফরমটি ফটোকপি করে ব্যবহার করা যাবে ।

(খ) **আবেদন ফরম পূরণ** ঃ

(১) আবেদন ফরম এবং ফরমের সাথে সংযুক্তি পরিশিষ্টসমূহ যথাযথভাবে পূরণপূর্বক দলিলাদির ফটোকপি সংযুক্ত করতে হবে ।

(২) একই ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইন নির্মাণ এবং উপকেন্দ্র নির্মাণের পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতা থাকলে লাইন এবং উপকেন্দ্রের বিপরীতে পৃথক পৃথকভাবে আবেদন ফরম পূরন করে দাখিল করতে হবে ।

(৩) প্রতিটি আবেদনের বিপরীতে বাপবিবোর্ডের অনুকূলে পৃথক পৃথক ২০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে ।

(গ) **আবেদন ফরম এর সাথে সংযুক্ত দলিলাদি** ঃ আবেদনের সাথে নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করতে হবে ঃ-

(১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক (কালো তালিকাভূক্ত ব্যাংক ব্যতীত) হতে নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ।

(২) বিগত অর্থবছরে নবায়নের আবেদন করা না হলে উক্ত অর্থবছরের দিগুণ হারে নবায়ন ফি বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ।

(৩) এবিসি ঠিকাদারী লাইসেন্স ও সুপারভাইজার সার্টিফিকেট এর হালনাগাদ কপি (**ন্যুণতম ৩০/১১/২০২০ খ্রিঃ পর্যন্ত হালনাগাদ থাকতে হবে**) ।

(৪) ২০২০-২১ খ্রিঃ অর্থবছরের ট্রেড লাইসেন্স এর কপি ।

(৫) ১৩ ডিজিট এর BIN সার্টিফিকেট এর কপি ।

(৬) কর বর্ষ ২০১৯-২০ (২০১৮-১৯ অর্থবছর) এর আয়কর প্রত্যায়ন পত্র (অনিষ্পন্ন/মামলা থাকলে প্রমাণক সংযুক্ত করতে হবে) ।

(৭) মালিকানা সনদ (ছবিসহ) এর কপি ।

(৮) পাওয়ার অফ এটর্নী/আমমোক্তার (ছবিসহ) নিয়োগ করা থাকলে বাপবিবোর্ডের অনুমোদনের কপি ।

(৯) বাপবিবোর্ড হতে প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সার্টিফিকেটের কপি ।

(১০) মালিক/ব্যবস্থাপনা পরিচালকের জাতীয় পরিচয়পত্রের কপি ।

(১১) ঠিকাদারী প্রতিষ্ঠানের অধীনে কোন ব্যাক্তি আহত/নিহত হলে ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের প্রমাণক ।

(১২) সাব-কন্ট্রাক্ট এর মাধ্যমে চুক্তি/কার্যাদেশ বাস্তবায়নের তথ্য ।

(১৩) নবায়নের আবেদন ফরম এ উল্লেখিত অন্যান্য ডকুমেন্ট ।

(ঘ) **আবেদন জমা গ্রহণ** ঃ

(১) নির্ধারিত ফরমে আবেদন পত্র পূরন করে ক্রমিক-গ এ বর্ণিত তথ্যাদি/কাগজপত্রসমূহ পাঞ্চ করে একটি ফাইলে নিম্ন বর্ণিত সময়সূচী মোতাবেক জমা প্রদান করতে হবে ঃ

তারিখ	সময়	স্থান
১৭/১১/২০২০ খ্রিঃ ও ১৮/১১/২০২০ খ্রিঃ	সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ।	(১) বাপবিবোর্ডের ১২ টি জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় । (২) বাপবিবোর্ডের সদর দপ্তর ভবনের নীচ তলায় রক্ষিত নবায়নের আবেদন গ্রহণ বক্স ।

যথাসময়ে ফরম সংগ্রহ ও আবেদন দাখিলের জন্য বাপবিবোর্ডের বৈদ্যুতিক লাইন ও উপকেন্দ্র নির্মাণ কাজের পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতাপ্রাপ্ত সকল ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো ।

২৫.১০.২০২০

(দেবাশীষ চক্রবর্তী)
প্রধান প্রকৌশলী (প্রকল্প)

অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ সংশ্লিষ্টতা মোতাবেক প্রযোজ্য ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

১ । সদস্য (বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা ।
২ । প্রধান প্রকৌশলী (পওপ)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা ।
৩ । অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ওএমএন্ডডি/পিএন্ডডি), বাপবিবো ।
৪ । একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা ।
৫ । তত্ত্বাবধায়ক প্রকৌশলী, - ----------------------জোন, বাপবিবো । → নোটিশ বোর্ডে আলোচ্য বিজ্ঞপ্তিটি টানানো, আবেদন ফরম প্রদান ও নির্ধারিত তারিখে আবেদন ফরম জমা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

৬ । সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা । → আলোচ্য বিজ্ঞপ্তি এবং বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদন ফরম বাপবিবোর্ডের ওয়েবসাইটে ১৬/১১/২০২০ খ্রিঃ পর্যন্ত প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

৭ । নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ---------------------------- । → নোটিশ বোর্ডে আলোচ্য বিজ্ঞপ্তিটি টানানো ও আবেদন ফরম প্রদানের জন্য অনুরোধ করা হলো ।

৮ । সিঃ জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------পবিস-১/২/৩/৪ ।

২৫/১০/২০২০

(মোঃ আব্দুল আজিজ)
পরিচালক (কারিগরী) চঃদাঃ ও
উপ-পরিচালক (সিসিএ)

নবায়নের আবেদন ফরম

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পূর্বযোগ্যতাপ্রাপ্ত/সাময়িক পূর্বযোগ্যতাপ্রাপ্ত বৈদ্যুতিক লাইন/ উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠান-এর ২০২০-২১ খ্রিঃ অর্থ বছরের জন্য পূর্বযোগ্যতা নবায়নের আবেদন পত্র ।

ঠিকাদারী প্রতিষ্ঠান :---

কোড নং- এলসি/পিএলসি/এসএস/পিএসএস :--

ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নং-------------------------------------তাং--

ব্যাংক-- শাখা:--

টাকার পরিমাণ----------------------------- যে অর্থবছরের নবায়ন ফি---

(ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এখানে সংযুক্ত করতে হবে)

প্রতিষ্ঠানের ই-মেইল আইডি : ---

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক এর নাম :--

মোবাইল নম্বর ঃ ---

ঠিকানা :---

১।	জাতীয় পরিচয় পত্র নম্বর	ঃ	-- (পরিশিষ্ট-১ এ ফটোকপি সংযুক্ত করতে হবে)
২।	হালনাগাদকৃত এবিসি বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স নং ও মেয়াদকাল	ঃ	-- (পরিশিষ্ট-২ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে)
৩।	হালনাগাদকৃত এবিসি বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট নিবন্ধন নং ও মেয়াদকাল	ঃ	-- (পরিশিষ্ট-৩ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে)
৪।	হালনাগাদকৃত ঠিকাদারী ট্রেড লাইসেন্স নং ও মেয়াদাকাল	ঃ	-- (পরিশিষ্ট-৪ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে)
৫।	১৩ ডিজিট এর **BIN** সার্টিফিকেট নং	ঃ	-- (পরিশিষ্ট-৫ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে)
৬।	সর্বশেষ আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র	ঃ	টিআইএন নং--------------------------------------- (পরিশিষ্ট-৬ এ ফটোকপি সংযুক্ত করতে হবে)
৭।	বাপবিবোর্ড হতে প্রশিক্ষণপ্রাপ্ত লোকবল	ঃ	সুপারভাইজার-----------জন, লাইনম্যান-----------জন (পরিশিষ্ট-৭ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে)